তারিখ . . 22 OCT. 2015 . . .
পৃষ্ঠা ৩ ... কলাম ... ২ ......

দৈনিক
ইত্তেফাক

# নিয়োগ কমিশনে বেসরকারি শিক্ষকদের অন্তর্ভুক্তি দাবি

■ ইত্তেফাক রিপোর্ট

সদ্য ঘোষিত বেসরকারি শিক্ষক নিয়োগ কমিশনের কাঠামো কী হবে তা পরিষ্কার করার দাবি জানিয়েছেন স্বাধীনতা শিক্ষক পরিষদ (স্বাশিপ)। একই সঙ্গে এই কমিশনে বেসরকারি শিক্ষকদের প্রতিনিধিত্ব রাখাসহ ৫ দফা দাবি জানিয়েছেন তারা।

গত মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত সংবাদ সম্মেলনে এসব দাবি জানান শিক্ষক নেতারা। সংবাদ সম্মেলনে সংগঠনের সাধারণ সম্পাদক শাহজাহান আলম সাজু বলেন, শিক্ষানীতি বাস্তবায়ন, শিক্ষার মানোন্নয়ন এবং ভিশন-২০২১ ও ২০৪১ বাস্তবায়নে শিক্ষক সমাজের ভূমিকাই সবচেয়ে বেশি। সবদিক বিবেচনায় বর্তমান শিক্ষা ও শিক্ষক বান্ধব সরকার স্বাশিপের পাঁচ দফা দাবি মেনে নেবে।

তিনি বলেন, সরকার যদি বেসরকারি প্রতিষ্ঠানের সমস্ত সম্পত্তি ও আয় রাষ্ট্রীয় কোষাগারে নিয়ে যায় তাহলে শিক্ষা ব্যবস্থা জাতীয়করণের জন্য সরকারকে খুব বেশি বেগ পেতে হবে না। যে সরকার পদ্মা সেতুর মত এত বড় প্রকল্প নিজস্ব অর্থায়নে নির্মাণ করতে পারে, সে সরকারের পক্ষে শিক্ষা ব্যবস্থা জাতীয়করণ দুরূহ কোন কাজ নয়।

শিক্ষা ব্যবস্থা জাতীয়করণ ছাড়াও স্বাশিপের পাঁচ দফা দাবির মধ্যে ছিল বেসরকারি শিক্ষক নিয়োগ কমিশনে শিক্ষকদের অন্তর্ভুক্তি, স্বতন্ত্র বেতন স্কেল প্রদান, অবসর সুবিধা বোর্ড ও কল্যাণ ট্রাস্টে পর্যাপ্ত অর্থ বরাদ্দ এবং নন-এমপিওভুক্ত শিক্ষকদের এমপিওভুক্তি। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন সংগঠনের সভাপতি ড. আব্দুল মান্নান চৌধুরী, অধ্যক্ষ এমএ আউয়াল সিদ্দিকী ও অধ্যক্ষ শাহাদাৎ হোসেন রানা প্রমুখ।